

# খোকার স্বপ্ন

UKaid from the British people


United Purpose Out of poverty

CGIAR RESEARCH PROGRAM ON Fish

WorldFish


প্রতিদিন আলু ভর্তা, ঝাল পোড়া খেতে ভালো লাগে না খোকার বাপ!... রাতের বেলা অন্তত দু-একটা মাছের ব্যবস্থা কর
কী আর করি বল? বাপ দাদার রেখে যাওয়া এই বসত ভিটায় যদি একটা পুকুরের ব্যবস্থা করতে পারতাম! তা আর হলো না....যাই, বাজারে গিয়ে দেখি


ও লিটন ভাই, যাচ্ছো কথায়? খোকার স্বাস্থ্য এতো খারাপ কেন?
আর বলেন না আলি ভাই! বাড়িতে মাছ-শাক কিছুই হয় না। এইটুকু জমি! বাজারেও মাছের যা দাম, কী করি বলেন দেখি...
বাবা, চল তাড়াতাড়ি


কেন, তুমি ওয়ার্ল্ডফিশের ট্রায়াল টেকনোলোজি উইশ পন্ডের (WISH Pond) নাম শুনো নাই। উইশ পন্ড করলে বাড়ির উঠানে অল্প জায়গায় মাছ ও সবজি দুটোই করতে পারবা
আগামি দিন তোমাদের বাড়ি যাবো
ব-লে-ন কি! মাছ সবজি একসাথে... একটু বুঝায়ে বলেন
আ...মাছও হবে সবজিও হবে! কী মজা!


আমাদের আর মাছের সমস্যা থাকবে না। সে ব্যবস্থা করেই এসেছি
কি ব্যবস্থা গো?
বাবা উঠানে একটা পুকুর বানাবে


আসেন ভাই, আপনার কথামত বস্তা, পলিথিন, কোদাল সব ব্যবস্থা করছি
খুবই ভাল। চলো রোদের একটা জায়গা দেখে আমরা কাজ শুরু করি



মাটি দেড় ফুট গভীর করে ৬ ফুট চওড়া ও ৮ ফুট লম্বা করে কাটতে হবে। আর মাটিগুলো বস্তায় ভরে লাইন করে পাশে রাখতে হবে
ঠিক আছে আলি ভাই?
লিটন ভাইয়ের কাজ ভালো হলে আমরাও একটা উইশ পন্ড করব


আলি ভাই, বস্তা রাখা ঠিক হচ্ছে?
হ্যাঁ, এবার একটি ১৩ ফুট চওড়া ও ১৫ ফুট লম্বা পলিথিন বা ত্রিপল বিছাতে হবে এবং বস্তায় যাবতীয় বীজ দেওয়া যেতে পারে



এবার কি পানি ও পোনা দিতে হবে?
এখানে কি কি মাছ চাষ করা যাবে?
আমাদের পুকুর!
শিং, মাগুর, তেলাপিয়া চাষসহ পোনা নার্সিং ও মাছ জিইয়ে রাখা যেতে পারে


এভাবে মাটি, বালি ও ইটের খোয়া দিলে পানি অনেকদিন পর্যন্ত ভালো থাকে
খোকার মা! জলদি আর এক ঝুড়ি দাও


খেয়াল রাখতে হবে খোকার মা পুকুরে যাতে গাছের পাতা না পড়ে। উইশ  পণ্ডের পানি ৩০-৩৫ দিন পরপর পাল্টানো ভালো
ঠিক আছে ভাই। ঘরের কাছে হওয়ায় খেয়াল রাখতে অনেক সুবিধা হবে


এই তোমরা কেউ লিটনের বাড়ি গেছিলা উইশ পন্ড দেখতে?
হ্যাঁ আমি দেখেছি। খুবই ভাল আইডিয়া। একসাথে সবজি ও মাছ দুটোই পাওয়া যাবে
তাই!! তাহলে দেখতে যেতে হবে
তাহলে চল কাল সবাই মিলে লিটনের বাড়ি যাই


চল তো লিটন, কেমন তোমার উইশ পন্ড?
এইডা শুনছি মোবাইল পুকুর, তুলেও নেওয়া যায়!
চল, চল...
কি মাছ হয়? বড় মাছ কি হয়?


বাহ্ঃ কি সুন্দর ব্যবস্থা
আমারও ভালো লেগেছে। আলি ভাইয়ের সাথে পরামর্শ করে আমাদেরও উইশ পন্ড বানাতে হবে
বাদল, তোমার মাছের ব্যবসা কেমন যাচ্ছে?
না! মাছ মারা যাওয়ার কারণে মাঝে মাঝেই মাছে সমস্যা হয়। ভাবছি মাছ জিইয়ে রাখার জন্য উইশ পন্ডের থেকে ভালো ব্যবস্থা আর হতে পারে না


আমি বাগদা ও গলদার পোনার ব্যবসা করি, উইশ পন্ডে নার্সিং করতে চাই
খুবই ভালো হবে। গলদা ৩০-৩৫ দিন। বাগদা ৭ দিন পর্যন্ত নার্সিং করা যায়। উইশ পন্ডে অক্সিজেনের সমস্যা হলে এরেটর ব্যবহার করা যেতে পারে


বাবা, ঐ একটা মাছ ধরো.......ধরো
এই... এই তো ধরে ফেলেছি। খোকার মা... রান্না করবে ভালো করে
আজ তেলাপিয়া আর বেগুনের তরকারি রান্না করি?


রান্নাটা কিন্তু বেশ হয়েছে খোকার মা...
মা আমায় ঐ মাছটা দাও
আমার হাতের রান্না সবসময় এরকমই হয়, বুঝেছো...

**সম্পাদনা:**
নাজনীন খান, প্রকল্প ব্যবস্থাপক, আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

**সার্বিক সহযোগিতায়:**
কাজী আহমেদ কবির, গবেষণা সহযোগী, সাসটেইনেবল অ্যাকুয়াকালচার প্রোগ্রাম; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ
কাজী আজাদ-উজ-জামান, সিনিয়র মনিটরিং কর্মকর্তা, আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

**অংকন ও সংলাপ:**
কে কিংকর অয়ন

**প্রোডাকশন কো-অর্ডিনেশন ও ব্র্যান্ডিং:**
মোহাম্মদ সোহরাব হোসেন

**প্রকাশকাল:**
মার্চ ২০১৮

**কপিরাইট:**
আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

www.worldfishcenter.org

9 789843 446398

UKaid from the British people

United Purpose — Out of poverty

CGIAR — RESEARCH PROGRAM ON Fish

WorldFish